

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মৌলভীবাজার সদর।

www.moulvibazarsadar.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৭৪.০০২.০২.০০৫.১৭. ২২৭(৩৩)


তারিখঃ ০৮/০৫/২০২২ খ্রি.

বিষয়ঃ “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুমে কৃষক নিবন্ধন ও খান বিক্রয়ের প্রচার/  
অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.২৯৫ তারিখঃ ১৬/১১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৩ এর আওতায় শীঘ্রই অত্র উপজেলার মৌলভীবাজার সদর এলএসডিতে (খাদ্য গুদামে) সরাসরি কৃষকের নিকট হতে খান ক্রয় শুরু হবে। মৌলভীবাজার সদর উপজেলায় ডিজিটাল পদ্ধতিতে “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে কৃষক নিবন্ধন করে খান সংগ্রহ করা হয়। কৃষকের অ্যাপ এর মাধ্যমে কৃষক নিবন্ধন ও খান বিক্রির আবেদন গ্রহণের কার্যক্রম শুরু হয়েছে। কৃষকগণ ব্যক্তিগত এনড্রয়েট মোবাইলের Google Play Store হতে “কৃষকের অ্যাপ” ডাউনলোড দিয়ে অথবা ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ/উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের সহায়তায় অথবা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় বা সরকারি খাদ্য গুদামে সরাসরি যোগাযোগ করে নিবন্ধন এবং খান বিক্রির আবেদন করতে পারবেন। এ কাজে কৃষকের শুধুমাত্র জাতীয় পরিচয় পত্র এবং একটি সচল মোবাইল নম্বর প্রয়োজন হবে। পূর্বে নিবন্ধিত কৃষকগণকে শুধুমাত্র খান বিক্রির আবেদন করতে হবে। সরকারি গুদামে খান বিক্রয়ে আগ্রহী কৃষকগণ যাতে যথাসময়ে নিবন্ধন/খান বিক্রির আবেদন করতে পারেন সেজন্য বিষয়টি ব্যাপক প্রচার করা প্রয়োজন।

এমতাবস্থায়, সরকারি এ ডিজিটাল উদ্যোগ বাস্তবায়নের জন্য বোরো খান উৎপাদনকারী কৃষকগণকে অবহিত করা সহ “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে নিবন্ধন ও খান বিক্রয়ের আবেদনে সহায়তা করে সরকারি সংগ্রহ কার্যক্রমকে সফল করার লক্ষ্যে বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ শরীফ উদ্দিন)

পরিচিতি নং: ১৭৪৮৪

উপজেলা নির্বাহী অফিসার

মৌলভীবাজার সদর

ও সভাপতি

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।

emil:unomoulvibazar@mopa.gov.bd

১। মেয়র, মৌলভীবাজার পৌরসভা, মৌলভীবাজার।

২। উপজেলা কৃষি অফিসার, মৌলভীবাজার সদর।

৩। চেয়ারম্যান, . . . . . ইউনিয়ন পরিষদ (সকল), মৌলভীবাজার সদর।

৪। উদ্যোক্তা, . . . . . পৌরসভা/ইউনিয়ন ডিজিটাল সেন্টার (সকল), মৌলভীবাজার।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

১। মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-০৩ সংসদীয় এলাকা, মৌলভীবাজার।

২। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর।

৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।

৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার সদর। বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৌলভীবাজার সদর এলএসডি। মাইকিং, প্রচারপত্র বিলি সহ বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। অফিস কপি।